



বাংলাদেশ ব্যাংক প্রেস বিজ্ঞপ্তি

BANGLADESH BANK PRESS RELEASE

অফিস : ৭১১০২১১,

৭১২০৯৫১

ফোন -----

বাসা : ৮৩১৯৬৬৮

বার্তা সম্পাদক

.....

ঢাকা।

ক্রমিক নং-৭৫/২০১২

তারিখ: ঢাকা, ০৯ ফেব্রুয়ারি, ২০১২

ভাষা আন্দোলনের ৬০ বছর পূর্তি উপলক্ষে মুদ্রিত স্মারক নোট অবমুক্তকরণ

ভাষা আন্দোলনের ৬০ বছর পূর্তি উপলক্ষে বাংলাদেশ ব্যাংক স্মারক নোট ইস্যু করতে যাচ্ছে। আগামী ১৫ ফেব্রুয়ারি, ২০১২ তারিখ সকাল ১১.৩০টায় ভাষা সৈনিক মুর্তজা বশীর কর্তৃক আনুষ্ঠানিকভাবে উক্ত স্মারক নোট বাংলাদেশ ব্যাংক হতে অবমুক্ত করা হবে। উক্ত স্মারক নোট আনুষ্ঠানিকভাবে অবমুক্তকরণের পর বাংলাদেশ ব্যাংক, মতিঝিল অফিস হতে ফোল্ডার ও খামসহ প্রতিটি স্মারক নোট ৳২০০.০০ (টাকা দুইশত) মাত্র এবং শুধুমাত্র নোট ৳৬০.০০ (টাকা ষাট) মাত্র নগদ মূল্যে পাওয়া যাবে। আগামী ১৯-০২-২০১২ তারিখ থেকে বাংলাদেশ ব্যাংকের সকল শাখা অফিস এবং বিভিন্ন বাণিজ্যিক ব্যাংকের শাখা হতেও নগদ মূল্যে এ স্মারক নোট পাওয়া যাবে। আলোচ্য স্মারক নোটের ডিজাইন নিম্নরূপ :

“ভাষা আন্দোলনের ৬০ বছর” স্মারক নোটের ডিজাইন

বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান স্বাক্ষরিত ১৩০মিমি x ৬০মিমি পরিমাপের এ স্মারক নোটের এক পিঠে কেন্দ্রীয় শহীদ মিনারের প্রতিকৃতি, প্রতিকৃতির নিচে “আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি আমি কি ভুলিতে পারি” লেখা পঙ্ক্তিমাল্লা, নিচের দিকে বামে ভাষা আন্দোলনের ৬০ বছর ও উপরের দিকে বামে ‘বাংলাদেশ ব্যাংক’ মুদ্রিত আছে এবং নোটের ডানদিকে উপরের কর্ণারে ‘৳৬০’ ও নিচের কর্ণারে ‘৳৬০’ মুদ্রিত রয়েছে।

নোটের অপর পিঠে পাঁচজন ভাষা শহীদের নামসহ প্রতিকৃতি এবং প্রতিকৃতির উপরে ‘60 Years of Language Movement 1952-2012’, ডান পাশে উপরের কর্ণারে ‘৳৬০’ ও নিচের কর্ণারে বামে ‘৳৬০’, নিচে মধ্যভাগে ইংরেজিতে ‘BANGLADESH BANK’ এবং ডানদিকে আড়াআড়িভাবে “Commemorative Note” মুদ্রিত আছে।

স্বাক্ষরিত

(মহুয়া মহসীন)

উপ পরিচালক